

Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 22 April, 2025

কক্সবাজারে রাজমিস্ত্রীর কাজ করতে গিয়ে নিখোঁজ সিলেটের জকিগঞ্জ উপজেলার সেই ৬ জনকে টেকনাফের পাহাড় থেকে উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার রাত ৯ টার দিকে টেকনাফের রাজারছড়া পাহাড় থেকে এদের উদ্ধারের তথ্য জানিয়েছেন টেকনাফ থানার ওসি মুহাম্মদ গিয়াস উদ্দিন।

এর আগে মঙ্গলবার দুপুরে নিখোঁজ রশিদ আহমদ ০০৬২৮২১৭২৪৩৩২৫০ নম্বর থেকে কল করে নিখোঁজ এমাদ উদ্দিনের ভাই বাহার উদ্দিনকে এই কথা জানিয়েছেন বাহার উদ্দিন বলেছেন, রশিদ আহমদ তাকে বলেছেন টেকনাফ থেকে তাদের ট্রলারে ইন্দোনেশিয়ায় নিয়ে যাওয়া হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় বাহার উদ্দিন নিখোঁজদের ৪ জন স্বজন কক্সবাজারের টেকনাফ থানায় এবিষয়ে লিখিত অভিযোগ করেছেন। এসময় বাহাউদ্দিন গনমাধ্যম কর্মীদের বলেন, মঙ্গলবার দুপুরে ওই নম্বর থেকে তার মুঠোফোনে কল করে ইন্দোনেশিয়ার বিষয়টি জানানো হয়। তবে রশিদ এর বাইরে কিছু বলেননি। বিষয়টি কতটুকু সত্য পরিস্কার না।

গত ১৫ এপ্রিল বিকেলে জকিগঞ্জ উপজেলার খলাছড়া ইউনিয়নের পশ্চিম লোহারমহল গ্রামের ৬জন কাজের খোঁজে কক্সবাজারের উদ্দেশ্যে রওয়ানা দেন। ১৬ এপ্রিল কক্সবাজার পৌঁছার পর পরিবারের লোকজনের সঙ্গে যোগাযোগ করেছেন। কিন্তু এরপর থেকে তাদের মোবাইল বন্ধ পাওয়া যাচ্ছে।

এরা হলেন, মো. লুকুছ আলীর ছেলে রশিদ আহমদ (২০), ফারুক আহমদের ছেলে মারুফ আহমদ (১৮), আজির উদ্দিনের ছেলে শাহিন আহমদ (২১), আব্দুল মান্নানের ছেলে এমাদ উদ্দিন (২২), সুফর উদ্দিনের ছেলে খালেদ হাসান (১৯) ও মৃত ছবর আলীর ছেলে আব্দুল জলিল (৫৫)। তারা সকলেই সিলেট জেলার জকিগঞ্জ উপজেলার ঈদগাঁও বাজার এলাকার বাসিন্দা।

মঙ্গলবার সন্ধ্যায় বাহাউদ্দিন অপহৃত অপর তিনজনের স্বজনদের সাথে নিয়ে টেকনাফ থানায় অজ্ঞাত আসামীদের বিরুদ্ধে একটি অপহরণের অভিযোগ দায়ের করেন। সেখানে কর্তব্যরত পুলিশের উপ-পরিদর্শক নাজমুল হাসান অভিযোগের পাওয়ার সত্যতা নিশ্চিত করে বলেন, পুলিশের একটি টিম এনিয়ে কাজ শুরু করে এদের উদ্ধার করা হয়।

কক্সবাজার টেকনাফ পাহাড় শ্রমিক

URL: <https://timestodaybd.com/chittagong/1279775807>